উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদর, কক্সবাজার।
ডকেট নং ৫২২
তারিখ ১৭/১০/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
প্রবাসী কল্যাণ শাখা
www.coxsbazar.gov.bd

মোহাম্মদ জাকারিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কক্সবাজার সদর, কক্সবাজার।

স্মারক নম্বর-০৫.২০.২২০০.১২৪.০০২.০০৫.২০২৩- ৮১৫ তারিখ- ২৭/০৯/২০২৩খ্রিষ্টাব্দ

বিষয় : সম্পূর্ণ বিনা খরচে ০৫ (পাঁচ) টি-টিটিসিতে আবাসিক হাউজকিপিং কোর্সে ভর্তির সুযোগ (সেশনঃ অক্টোবর-নভেম্বর ২০২৩) এর ভর্তির বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য প্রেরণ।

সূত্র : মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০ এর পত্র নং-৪৯ ০১.০০০০.৩২১.১৪.০০৯.২০২৩-১০৬, তারিখঃ ০৫.০৯.২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ৮৯/২ কাকরাইল, ঢাকা হতে প্রাপ্ত সম্পূর্ণ বিনা খরচে ০৫ (পাঁচ) টি-টিটিসিতে আবাসিক হাউজকিপিং কোর্সে ভর্তির সুযোগ (সেশনঃ অক্টোবর-নভেম্বর ২০২৩) এর ভর্তির বিজ্ঞপ্তি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। উল্লেখ্য যে, উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে প্রকাশ এবং ফেইসবুক সহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নিভীষণ কান্তি দাশ
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
কক্সবাজার
ফোনঃ ৮৮০২৩৩৪৪৬২২১১
ইমেইলঃ adcgcox@gmail.com

১। উপজেলা নির্বাহী অফিসার
(সকল) কক্সবাজার সদর
২। সহকারী পরিচালক
জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস
কক্সবাজার

স্মারক নম্বর-০৫.২০.২২০০.১২৪.০০২.০০৫.২০২২- তারিখ- /০৯/২০২৩খ্রিষ্টাব্দ

অনুলিপি : অবগতির জন্য -
০১। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সংরক্ষণ নথি।

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
কক্সবাজার

Scanned with CamScanner

জন্মভূমি বাংলাদেশ
কর্মভূমি বিশ্বময়

**মোঃ শহীদুল আলম এনডিসি**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন: ০২-৪৯৩৪৯৯২৫
ইমেইল: dg@bmet.gov.bd

নং-৪৯.০১.০০০০.৩২১.১৪.০০৯.২০২৩-১৫৬ তারিখঃ ০৫-০৯-২০২৩ খ্রি:

শুভেচ্ছা নিন।

আপনি জেনে আনন্দিত হবেন যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যুদ্ধবিধ্বস্ত দেশের অর্থনীতি পুনরুদ্ধার করতে কূটনৈতিক তৎপরতা শুরু করেন এবং তাঁর উদ্যোগের ফলে মধ্যপ্রাচ্যের মুসলিম দেশসমূহে বাংলাদেশী কর্মী প্রেরণ শুরু হয়। তৎপরবর্তীতে বৈদেশিক শ্রমবাজারে বাংলাদেশের অংশগ্রহন উত্তরোত্তর বৃদ্ধি পায়। আমাদের প্রবাসীরা সুনামের সহিত সারা বিশ্বে কাজ করছে। দেশের বেকার ও কর্মক্ষম জনগোষ্ঠীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর-করণপূর্বক দেশে-বিদেশে কর্মসংস্থানের উপযোগী করে গড়ে তোলার জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষন ব্যুরো (বিএমইটি) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর হতে বিএমইটি জনস্বার্থে ও জনপক্ষে কাজ করে যাচ্ছে।

প্রতিষ্ঠাকাল হতে এ যাবৎ বিএমইটির মাধ্যমে প্রায় ১ কোটি ৫৬ লক্ষ কর্মীর বৈদেশিক কর্মসংস্থান নিশ্চিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে রেকর্ড সংখ্যক ১১ লক্ষ ২৫ হাজার ৮৩৩ জন কর্মী চাকুরী নিয়ে বিদেশে গেছে। বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে সর্বকালের সর্বোচ্চ রেকর্ড সৃষ্টি হয়েছে ২০২২-২০২৩ অর্থবছরে।

বর্তমানে সারা পৃথিবীতে দক্ষ কর্মীর চাহিদা রয়েছে। বিশেষ করে নারী কর্মীদেরও কর্মসংস্থানের সুযোগ রয়েছে। পিছিয়ে পড়া নারীদেরকে স্বাবলম্বনসহ তাদেরকে আরও এগিয়ে নেয়ার লক্ষ্যে ঢাকা, গোপালগঞ্জ, মুন্সীগঞ্জ, নাটোর ও শেরপুর জেলায় অবস্থিত ০৫টি কারিগরি প্রশিক্ষন কেন্দ্রে আগামী অক্টোবর-নভেম্বর ২০২৩ সেশনে ০১ মাস মেয়াদী হাউজকিপিং কোর্সে সম্পূর্ণ বিনা খরচে (আবাসন, প্রশিক্ষণ ও খাবার ব্যয় কর্মীকে বহন করতে হবে না) প্রশিক্ষন প্রদান করার উদ্যোগ গৃহীত হয়েছে। বাংলাদেশের সকল জেলার আগ্রহী নারীগন এ প্রশিক্ষণ কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাবেন। প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের আনুষঙ্গিক খরচ বাবদ প্রতিমাসে জনপ্রতি ৩০০০/-(তিন হাজার) টাকাও প্রদান করা হবে (বিস্তারিত বিজ্ঞপ্তি সংযুক্ত)।

সাফল্যের সাথে উক্ত প্রশিক্ষন কোর্স সমাপ্তকারী প্রশিক্ষনার্থীগন সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে সম্পূর্ণ বিনা খরচে (নিয়োগকারীর কর্মীর খরচ ব্যতিত) গমনের সুযোগ পাবেন। বর্নিত কার্যক্রমে নারীদের উৎসাহিত করার মাধ্যমে আপনি হয়ে উঠতে পারেন নন্দিত জেলা প্রশাসক এবং আপনার জেলাকে করতে পারেন আরো অগ্রগামী।

**(মোঃ শহীদুল আলম এনডিসি)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)



CS Scanned with CamScanner

"থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা
www.bmet.gov.bd

স্মারক নং-৪৯.০১.০০০০.৩২১.১৪.০০৯.২০২৩, ৭৬ তারিখঃ ২৪/০৮/২০২৩ খ্রি:

## সম্পূর্ণ বিনা খরচে ০৫ (পাঁচ) টি টিটিসিতে আবাসিক হাউজকিপিং কোর্সে ভর্তির সুযোগ
## (সেশন: অক্টোবর-নভেম্বর ২০২৩)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অভিবাসন ও দক্ষতা উন্নয়ন তহবিলের অর্থায়নে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর অধীনস্থ নিম্নে বর্নিত ৫টি টিটিসি'র প্রতিটিতে ৫০টি আসনের বিপরীতে অক্টোবর-নভেম্বর ২০২৩ সেশনে ০২ মাস মেয়াদী হাউজ কিপিং কোর্সে সম্পূর্ণ বিনা খরচে (আবাসন, প্রশিক্ষণ ও খাবার ব্যয় কর্মীকে বহন করতে হবে না) প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের আনুষাঙ্গিক খরচ বাবদ প্রতিমাসে জনপ্রতি ৩০০০/-(তিন হাজার) টাকাও প্রদান করা হবে। সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীগণ বিদেশে কর্মসংস্থানের জন্য সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে নিয়োগকারীর খরচে (কর্মীর খরচ ব্যতীত) চাকুরি নিয়ে গমনের সুযোগ পাবেন। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২১ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় যোগাযোগ ও আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা ও আবেদন পদ্ধতি :**

০১। প্রার্থীকে ন্যুনতম ৫ম শ্রেণী পাশ হতে হবে (আরবী ভাষা জানা থাকলে অগ্রাধিকার পাবেন ) ।
০২। আবেদনকারীর বয়স ২৫ হতে ৪০ বছর এবং ওজন ৪০ হতে ৬৫ কেজি হতে হবে ।
০৩। প্রার্থীর ন্যূনতম উচ্চতা ৪ ফিট ১০ ইঞ্চি হতে হবে।
০৪। স্মার্ট ফোনের ব্যবহার জানতে হবে।
০৫। আবাসিক প্রশিক্ষণ বিধায় প্রশিক্ষণকালে প্রশিক্ষণ প্রতিষ্ঠানেই অবস্থান করতে হবে।
০৬। যে কোন জেলার প্রার্থী উল্লিখিত যে কোন টিটিসি'তে ভর্তি হতে পারবেন।
০৭। বিদেশ গমনের শারীরিক ও মানসিক সক্ষমতা থাকতে হবে।
০৮। প্রার্থীর সর্বকনিষ্ঠ সন্তানের বয়স ০৫ বছরেরর নিচে হলে/ছোঁয়াছে রোগ থাকলে/দুরারোগ্য ব্যাধি থাকলে/গর্ভাবস্থায় থাকলে আবেদন অযোগ্য গণ্য হবে।
০৯। প্রার্থীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি, এনআইডি এর কপি, বৈধ অভিভাবকের অনাপত্তিপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্রের কপি ও পাসপোর্টের কপিসহ স্বশরীরে সংশ্লিষ্ট টিটিসি'তে উপস্থিত হয়ে আবেদন করতে হবে। উক্ত কাগজপত্রাদি আপলোডসহ অনলাইনে www.amiprobashi.com/Ami Probashi মোবাইল অ্যাপ্স ব্যবহার করেও ভর্তির আবেদন করা যাবে।
১০। আগে আসলে আগে ভর্তির নীতিতে যোগ্যতা যাচাই করে ভর্তি করা হবে।
১১। ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের আদেশ / সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

**ভর্তি হতে যোগাযোগের জন্য নির্ধারিত প্রতিষ্ঠান :**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | যোগাযোগের মাধ্যম |
|---|---|---|
| ০১. | শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা টিটিসি-দারুস সালাম, মিরপুর, ঢাকা | ফোন-৯০২২৯৯৯<br>মোবাইল-০১৭১০৪৯০৯৯৭<br>ই-মেইল sfmmttc@gmail.com |
| ০২. | বঙ্গবন্ধু শেখ মুজিব সেন্টিনিয়াল টিটিসি, গিমাডাঙ্গা টুংগীপাড়া-গোপালগঞ্জ | মোবাইল-০১৯১১৫৬৯৩০৮<br>ই-মেইল tmsttc2022@gmail.com |
| ০৩. | শেরপুর সদর টিটিসি, শেরপুর সদর, শেরপুর। | মোবাইল-০১৭১২৪৮৮০৩৯<br>ই-মেইল sherpursadarttc2022@gmail.com |
| ০৪. | মুন্সিগঞ্জ সদর টিটিসি, বড় কেওয়ার, মুন্সিগঞ্জ সদর, মুন্সিগঞ্জ । | মোবাইল-০১৫৫২৩৩৩২৮৮<br>ই-মেইল munshiganjttc@gmail.com |
| ০৫. | সিংড়া টিটিসি, সিংড়া, নাটোর। | মোবাইল-০১৭১২৯৯০৯৩৭<br>ই-মেইল ttcsingranatore@gmail.com |

মহাপরিচালক
২৪/০৮-২০২৩

Scanned with CamScanner